

শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানদের জন্য নতুন নির্দেশনা মাউশির

অনলাইন ডেক্স



টাইফয়েড জুর প্রতিরোধে আগামী ১২ অক্টোবর থেকে দেশে শুরু

হতে যাচ্ছে মাসব্যাপী টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন-২০২৫।

সরকারের জাতীয় টিকাদান কর্মসূচির আওতায় এই ক্যাম্পেইনে

প্রায় ৫ কোটি শিশুকে একটি করে নিরাপদ টাইফয়েড টিকা

বিনামূল্যে প্রদান করা হবে।

এই ক্যাম্পেইন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

অধিদপ্তর (মাউশি) থেকে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান ও

সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য বিশেষ নির্দেশনা জারি করা হয়েছে।

একই সঙ্গে থানা-উপজেলা ও জেলার সব কর্মকর্তাকে এই

কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে হবে।

মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি)

অধিদপ্তরের এক চিঠিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, ২০২৫ সালের এই বৃহৎ টিকাদান কার্যক্রমের আওতায় প্রাক-প্রাথমিক থেকে নবম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীরা নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠানে এবং শিক্ষাপ্রতিষ্ঠানের বাইরে থাকা ৯ মাস থেকে ১৫ বছরের কম বয়সী শিশুরা তাদের নিকটবর্তী ইপিআই টিকাদান কেন্দ্রে টিকা গ্রহণ করতে পারবে।

যেসব নির্দেশনা দেওয়া হয়েছে—

১. উপজেলা বা থানা মাধ্যমিক শিক্ষা অফিসাররা প্রধান শিক্ষকদেরকে এ টিকাদান কার্যক্রমটি সফলভাবে সম্পন্ন করার জন্য স্বাস্থ্য অধিদপ্তরের নিয়োজিত কর্মকর্তা বা কর্মচারীদেরকে সহযোগিতা করার নির্দেশনা দেবেন। অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের মধ্যে ব্যাপকভাবে প্রচার করার জন্য জেলা শিক্ষা অফিস ও মাধ্যমিক শিক্ষা অফিসের ফেসবুক পেজে পত্রটি এবং পত্রের সঙ্গে সংযুক্ত আনুষঙ্গিক কাগজপত্র আপলোড করবেন।

২. সহকারী উপজেলা বা সহকারী থানা মাধ্যমিক শিক্ষা অফিসাররা নিজ-নিজ ক্লাস্টারের বিদ্যালয়গুলো কার্যক্রমটি সুষ্ঠুভাবে প্রতিপালনের বিষয়টি নিবিড়ভাবে তত্ত্বাবধান করবেন।

৩. জেলা, উপজেলা, থানার সব কর্মকর্তাকে দৈবচয়নের ভিত্তিতে বিদ্যালয়গুলোর কার্যক্রম নিবিড়ভাবে পরিবীক্ষণ করতে হবে।

৪. শিক্ষকরা যেন স্বতঃস্ফূর্তভাবে কার্যক্রমে অংশ নিতে পারেন সেদিকে প্রধান শিক্ষকদের লক্ষ্য রাখতে হবে। বিদ্যালয়ের সব সহকারী শিক্ষকদের এ কর্মসূচিতে সম্পৃক্ত করতে হবে।

৫. টাইফয়েড টিকাদান কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য

শিক্ষকরা ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন, টিকা গ্রহণ নিশ্চিতকরণ,

টিকাদান কেন্দ্রে স্বেচ্ছাসেবী হিসেবে রোভার স্কাউট বা শিক্ষার্থীদের

নিয়োজিত করা এবং অভিভাবকদের উদ্বৃদ্ধকরণের বিষয়টি নিশ্চিত

করবেন।

৬. রেজিস্ট্রেশন ফরমের তথ্য সঠিক কিনা দায়িত্বপ্রাপ্ত শিক্ষকরা

তদারকি করবেন।

৭. কার্যক্রম বাস্তবায়নে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের

পক্ষ থেকে সহকারী পরিচালক (বিশেষ শিক্ষা) মো. খালেদ

সাইফুল্লাহ সমন্বয়কের দায়িত্ব পালন করবেন।